*শিক্ষা নিয়ে গড়ব দেশ*
*শেখ হাসিনার বাংলাদেশ*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০-২৪

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ "পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন" বিষয়ক নাগরিক সেবাটি 'ওয়ান স্টপ সার্ভিস'-এর মাধ্যমে সহজিকরণ করা হয়েছে। নিম্নোক্ত ঠিকানা হতে সেবাটি প্রদান করা হবে:

সেবা গ্রহণের ঠিকানাঃ

পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন কক্ষ
পরিবহন পুল ভবন (সরকারি যানবাহন অধিদপ্তর)-এর টপফ্লোর
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

24.02.2022
(রুজিনা সুলতানা)
উপসচিব

g:\new section\innovation\innovation 2021-22\সিটিজেন চার্টার হালনাগাদ\বিজ্ঞপ্তি.docx

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়: **"পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন" বিষয়ক সেবা সহজিকরণের লক্ষ্যে 'ওয়ান স্টপ সার্ভিস' চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.২.১ এ ২৫/০২/২০২২ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা সহজিকরণের নির্দেশনা রয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর সিটিজেন চার্টার মোতাবেক অন্যান্য সেবার সাথে 'পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন' বিষয়ে সেবা প্রদান করা হয়ে থাকে।

০২। এ বিভাগের ইনোভেশন টিমের কর্মপরিকল্পনার অগ্রগতি বাস্তবায়ন সংক্রান্ত সর্বশেষ ত্রৈমাসিক সভায় পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন সংক্রান্ত সেবাটি সহজিকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে পরিবহন পুল ভবনের টপফ্লোরের (১২ তলার লিফটের সম্মুখে) একটি কক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'ওয়ান স্টপ সার্ভিস' ডেস্ক চালু করার বিষয়ে উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, 'পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন'-এর জন্য পরিবহন পুলে কর্মরত এ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পর্যায়ের ২ (দুই) জন মূল কর্মকর্তা ও ২ (দুই) জন বিকল্প কর্মকর্তা মনোনয়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-২-২০২২

বেগম রুজিনা সুলতানা
উপসচিব

উপসচিব (প্রশাসন ও সংস্থাপন শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

ইউ. ও. নোট নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০২.২০.২৩

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অফিস কপি।

২৪-২-২০২২
বেগম রুজিনা সুলতানা
উপসচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়: **"পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন" বিষয়ক সেবা সহজিকরণের লক্ষ্যে 'ওয়ান স্টপ সার্ভিস' কক্ষ প্রস্তুতকরণ ও তথ্য নির্দেশিকা স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.২.১ এ ২৫/০২/২০২২ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা সহজিকরণের নির্দেশনা রয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর সিটিজেন চার্টার মোতাবেক অন্যান্য সেবার সাথে 'পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন' বিষয়ে সেবা প্রদান করা হয়ে থাকে।

০২। এ বিভাগের ইনোভেশন টিমের কর্মপরিকল্পনার অগ্রগতি বাস্তবায়ন সংক্রান্ত সর্বশেষ ত্রৈমাসিক সভায় পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন সংক্রান্ত সেবাটি সহজিকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে পরিবহন পুল ভবনের টপফ্লোরের (১২ তলার লিফটের সম্মুখে) একটি কক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'ওয়ান স্টপ সার্ভিস' ডেস্ক চালু করার বিষয়ে উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, 'পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যায়ন'-এর জন্য পরিবহন পুল ভবনের টপফ্লোরের (১২ তলার লিফটের সম্মুখে) বর্তমান প্রশিক্ষণ কক্ষটিকে 'ওয়ান স্টপ সার্ভিস' কক্ষ হিসেবে প্রস্তুতকরণ এবং গ্রাউন্ড ফ্লোরে একটি তথ্য নির্দেশিকা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-২-২০২২

বেগম রুজিনা সুলতানা
উপসচিব

সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

ইউ. ও. নোট নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০২.২০.২৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অফিস কপি।

২৪-২-২০২২
বেগম রুজিনা সুলতানা

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

**সেবা সহজীকরণের বিষয়:** পাবলিক পরীক্ষার সনদ সত্যায়নের জন্য **"ওয়ান স্টপ সার্ভিস"** চালুকরণ।

## সেবাটির পূর্বের অবস্থা:


কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বিভিন্ন নাগরিক সেবা প্রদান করে থাকে। পাবলিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** নাগরিক সেবার একটি গুরুত্বপূর্ণ অংশ। শিক্ষার্থীদের বহিঃবিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য তাদের সনদ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করতে হয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে বর্তমানে সেবাটি পাওয়ার জন্য সেবা গ্রহীতাগণ (শিক্ষার্থী) তাদের সনদ সংশ্লিষ্ট বোর্ড এবং বিশ্ববিদ্যালয় হতে যাচাইপূর্বক এ বিভাগে সত্যায়নের জন্য দাখিল করে। এজন্য তাদের বাংলাদেশ সচিবালয়ের প্রবেশ গেটের ৯ নং কাউন্টারে এসে সকাল ১০ টা হতে ১১টার মধ্যে উপস্থিত হয়ে লাইনে দাঁড়িয়ে টোকেনের মাধ্যমে সনদ জমা প্রদান করে থাকে। এ সময়ে এ বিভাগের ১ জন কর্মচারী সনদ গ্রহণ করেন। অতঃপর অফিস কর্তৃক নির্ধারিত কর্মকর্তার নিকট সত্যায়নের জন্য জমা প্রদান করেন। পরবর্তীতে সনদ সংগ্রহের জন্য তাদের বিকাল ৩.৩০ হতে ৪.০০ টা পর্যন্ত সচিবালয় গেটে লাইনে দাঁড়িয়ে টোকেনের মাধ্যমে সনদ গ্রহণ করতে হয়। অর্থাৎ এ বিভাগ হতে সেবাটি পেতে সেবাগ্রহীতাদের প্রায় ০৫ (পাঁচ) ঘন্টা সময়ের অপচয় হয়। এতে সেবা গ্রহীতাগণকে (শিক্ষার্থী) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সনদ সত্যায়নের জন্য পরবর্তী দিন আবার আসতে হয়। ফলে সনদ সত্যায়নের জন্য তাদের তিনটি দপ্তরে তিন দিনের অধিক ভিজিট করতে হয়। এতে তাদের প্রচুর সময় ও অর্থ ব্যয় করতে হয়।

## পূর্বের বিশ্লেষণ:

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|---|---|
| ধাপ-১ | সকাল ১০-১১ টার মধ্যে সচিবালয়ের গেট থেকে টোকেনের মাধ্যমে সনদ গ্রহণ |
| ধাপ-২ | গ্রহণকৃত সনদ নির্ধারিত কর্মকর্তার কাছে জমাদান |
| ধাপ-৩ | নির্ধারিত কর্মকর্তা কর্তৃক সনদ যাচাই ও সত্যায়ন |
| ধাপ-৪ | সত্যায়নকৃত সনদ অফিস সহায়কের নিকট বুঝিয়ে দেয়া |
| ধাপ-৫ | বিকাল ৩.৩০ - ৪.০০ টায় সচিবালয় গেট থেকে টোকেনের মাধ্যমে সনদ ফেরত। |

## বাস্তবায়নের পুর্বের প্রসেস ম্যাপ (Process Map):

ধাপ সংখ্যা-০৫টি
জনবল -০৩ জন
ভিজিট-০২ বার




## বাস্তবায়নের পরবর্তী অবস্থা:


শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** নাগরিক সেবাটি সহজে সেবা গ্রহীতাদের নিকট পৌছে দেয়ার উদ্দেশ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক **'ওয়ান স্টপ সার্ভিস'** নামক একটি উদ্ভারনী ধারনা বাস্তবায়ন করা হয়েছে। **ওয়ান স্টপ সার্ভিস** নামক উদ্ভাবনী ধারনার মাধ্যমে বর্হিঃবিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সেবা গ্রহীতাগণ (শিক্ষার্থী) তাৎক্ষণিক তাদের সনদ সত্যায়ন করতে পারবে। এজন্য পরিবহন পুল ভবনের ১২ তলায় সার্টিফিকেট সত্যায়ন কক্ষে (সিড়ি সংলগ্ন কক্ষ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের **'ওয়ান স্টপ সার্ভিস'** ডেস্ক চালু করা হয়েছে। উক্ত কক্ষে এ বিভাগ কর্তৃক নির্ধারিত একজন সত্যায়নকারী কর্মকর্তা সকাল ১০.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত সনদ সত্যায়নের দায়িত্ব পালন করবেন। সেবাটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** সহজ হয়েছে এবং একই দিনে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সনদ সত্যায়নের জন্য জমা দিতে পারবেন। এতে সেবা গ্রহীতাদের (শিক্ষার্থীদের) সময়, মূল্য ও যাতায়াত (TCV) কমবে।

## বাস্তবায়নের পরবর্তী বিশ্লেষণ:

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|---|---|
| ধাপ-১ | **'ওয়ান স্টপ সার্ভিস'** কক্ষে সনদ জমা |
| ধাপ-২ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সনদ যাচাই ও সত্যায়ন |
| ধাপ-৩ | তাৎক্ষণিক সেবাগ্রহীতাকে সত্যায়নকৃত সনদ প্রদান |

## উদ্ভাবনের ধারনা বাস্তবায়নের পরে প্রসেস ম্যাপ (Process Map):

ধাপ সংখ্যা-০৩টি
জনবল -০২ জন
ভিজিট-০১ বার




## তুলনামূলক বিশ্লেষণ:

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধান |
|---|---|---|
| দাখিলীয় কাগজপত্রাদি | সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাইকৃত মূল সনদ এবং সনদের কপি | সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাইকৃত মূল সনদ এবং সনদের কপি |
| সেবার ধাপ | ৫টি | ৩টি |
| সম্পৃক্ত জনবল | এ বিভাগের ১/২জন কর্মচারী এবং ১জন সত্যায়নকারী কর্মকর্তা | এ বিভাগের ১জন কর্মচারী এবং ১জন সত্যায়নকারী কর্মকর্তা |
| প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| সময় (দিন/ঘন্টা) | ৫ ঘন্টা | ১০ মিনিট |
| খরচ (নাগরিক+অফিস) | বিনামূল্যে | বিনামূল্যে |
| যাতায়াত (নাগরিক) | ২ বার | ১ বার |

2022

রুজিনা সুলতানা
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার